

এস,আর,ও নং ৩২৬-আইন/৮৯।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার যদি কোন করদাতা তাহার আয়ের অনূর্ধ্ব ৫,০০,০০০ টাকা কোন ক্রীড়া ফেডারেশন অথবা ক্রীড়া ফেডারেশন কর্তৃক অনুমোদিত কোন জাতীয় বা আন্তর্জাতিক অনুষ্ঠানকে অথবা নিবন্ধীকৃত ফাউন্ডেশন/ট্রাস্টকে অথবা স্থানীয় ক্রীড়া সংস্থা বা বেসরকারি ক্লাবকে দান করেন, তাহা হইলে উক্ত টাকাকে উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিলেন।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আলী রেজা খান

অতিরিক্ত সচিব

অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ই আষাঢ়, ১৩৯৮/১লা জুলাই, ১৯৯১ ইং।

এস,আর,ও নং ২০২/আইন/৯১।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং অত্র বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩২৬-আইন/৮৯, তারিখ ৯ই আশ্বিন, ১৩৯৬/২৪শে অক্টোবর, ১৯৮৯ এতদ্বারা বাতিলপূর্বক সরকার, যদি কোন করদাতা তাহার আয়ের অনূর্ধ্ব ৫,০০,০০০ টাকা বাংলাদেশে আয়োজিত এবং অনুষ্ঠিতব্য প্রথম শ্রেণীর জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া অনুষ্ঠানের উদ্যোক্তাকে দান করেন, তাহা হইলে উক্ত টাকাকে উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিলেন।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.itr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
আলী রেজা খান
সদস্য (আয়কর)।